

## ড. দেবশীষ সরকার, মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

স্বনামধন্য কৃষি বিজ্ঞানী এবং বিশিষ্ট কীটতত্ত্ববিদ ড. দেবশীষ সরকার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মহাপরিচালক (চলতি দায়িত্ব) হিসেবে গত ২১ অক্টোবর ২০২১ বৃহস্পতিবার কৃষি মন্ত্রণালয় জারিকৃত আদেশ বলে নিয়োগপ্রাপ্ত হয়ে দায়িত্ব গ্রহণ করেন।

মহাপরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণের পূর্বে ড. দেবশীষ সরকার বারি'র ডাল গবেষণা কেন্দ্র, ঈশ্বরদী, পাবনা এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ইতোপূর্বে তিনি মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কীটতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর এ কর্মরত ছিলেন। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন ছাড়াও তিনি বাংলাদেশে শাক-সবজি, ফল ও পান ফসলের পোকা-মাকড় ও রোগবোলাই ব্যবস্থাপনায় জৈব বালাইনাশকভিত্তিক প্রযুক্তির উদ্ভাবন ও সম্প্রসারণ প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

ব্যক্তিগত জীবনে ২ সন্তানের জনক এ বিজ্ঞানী ১৯৬৩ সালের ৩১ ডিসেম্বর জয়পুরহাট জেলার সদর উপজেলার ছাওয়ালপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। ড. দেবশীষ সরকার ১৯৯০ সালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর তৎকালীন আম গবেষণা কেন্দ্র, চাঁপাইনবাবগঞ্জ বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে যোগদান করেন। এরপর তিনি নিয়মিতভাবে কীটতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর এ উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা পদে পদোন্নতিপ্রাপ্ত হন এবং অত্যন্ত সফলভাবে কৃষকের উপযোগী জৈব বালাইনাশকভিত্তিক প্রযুক্তি উদ্ভাবন ও মাঠ পর্যায়ে এগুলোর মূল্যায়ন ও সম্প্রসারণের কাজ করেন।

ড. দেবশীষ সরকার ২০১০ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে কীটতত্ত্ব বিষয়ে সফলতার সাথে পি.এইচডি ডিগ্রি অর্জন করেন। দেশি বিদেশি বিভিন্ন সায়েন্টিফিক জার্নালে তাঁর ৪০টি গবেষণা নিবন্ধ প্রকাশিত হয়েছে। এছাড়াও তিনি দৈনিক ও মাসিক পত্রিকায় নিয়মিতভাবে বিজ্ঞান গবেষণা বিষয়ক বিভিন্ন নিবন্ধ প্রকাশ করে থাকেন।

ড. দেবশীষ সরকার বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ এবং সিম্পোজিয়ামে যোগদানের উদ্দেশ্যে থাইল্যান্ড, শ্রীলংকা, ভারত, ফিলিপাইন, তাইওয়ান, চীন ও যুক্তরাজ্য ভ্রমণ করেন। তিনি **Bangladesh Entomological Society** এর পর্যায়ক্রমে দু-দুবার নির্বাচিত কোষাধ্যক্ষ এবং মহাসচিব হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি কৃষিবিদ ইনস্টিটিউট বাংলাদেশ এর আজীবন সদস্য এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট বিজ্ঞানী সমিতি এর সক্রিয় সদস্য। ড. দেবশীষ সরকার খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণে লাগসই প্রযুক্তি উদ্ভাবনে অত্যন্ত সফল একজন বিজ্ঞানী।